

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ, ইস্টার্ন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.০১৯.১৭ - ৬২৪

তারিখ: ২৬.১০.২০১৭ খ্রি:।

বিষয়: কৈজুরী মহিউল ইসলাম ফায়িল মাদরাসায় অধ্যক্ষ ও উপাধ্যক্ষ পদে নিয়োগ বিষয়ে প্রয়োজনীয় তথ্যসহ একটি প্রতিবেদন মাদরাসা শিক্ষা অধিদপ্তরে প্রেরণ নিশ্চিতকরণ প্রসঙ্গে।

সূত্র: (১) কৈজুরী মহিউল ইসলাম ফায়িল মাদরাসার স্মারক নং কেএমআইএফ/নিয়োগ/১/১৭

তারিখ: ০৫.০৮.২০১৭ খ্রি:।

(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ২৪/বিবিধ-২-৮/২০০৮ (অংশ)/২৭৪

তারিখ: ০৯.০৯.২০১৫ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত ১ নং স্মারক মূলে উল্লেখিত মাদরাসার অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), এর আবেদনের প্রেক্ষিতে সূত্রোক্ত (২) নং স্মারকের মাধ্যমে মাদরাসা শিক্ষা অধিদপ্তরের উপর অর্পিত ক্ষমতা বলে "অধ্যক্ষ ও উপাধ্যক্ষ" পদে নিয়োগের লক্ষ্যে ড. মোহাম্মদ ছরওয়ার আলম, পরিচালক (প্রশাসন ও অর্থ) কে উক্ত মাদরাসার নিয়োগ বোর্ডে মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা-এর প্রতিনিধি হিসেবে দায়িত্ব পালনের নিমিত্ত মনোনয়ন প্রদান করা হয়।

০২. সেমতে মহাপরিচালকের মনোনীত প্রতিনিধি ড. মোহাম্মদ ছরওয়ার আলম, পরিচালক (প্রশাসন ও অর্থ) এর প্রতিনিধিত্বে নিয়োগের নিমিত্ত একটি নিয়োগ বোর্ড অনুষ্ঠিত হয়।

০৩. কিন্তু নিয়োগ বোর্ডের বিবেচনায় যোগ্য প্রার্থী না পাওয়ায় নিয়োগ বোর্ডের সকল সদস্যের সম্মতিক্রমে উক্ত নিয়োগ স্থগিত করা হয় এবং পরবর্তীতে বিধি অনুযায়ী নিয়োগ কার্যক্রম সম্পন্ন করার বিষয়ে নিয়োগ বোর্ডের সকল সদস্য কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়।

০৪. পরবর্তীতে বর্ণিত মাদরাসার অসম্পন্ন নিয়োগ সম্পন্ন করার নিমিত্ত অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) কর্তৃক পূর্ব নির্ধারিত প্রতিনিধি ড. মোহাম্মদ ছরওয়ার আলম, পরিচালক (প্রশাসন ও অর্থ) এর নিকট যোগাযোগপূর্বক তাঁর সম্মতিতে পুনরায় একটি তারিখ নির্ধারণ করা হয়। কিন্তু অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) এর অসহযোগিতার কারণে দ্বিতীয় বারেও নিয়োগ বোর্ড নিয়োগ কার্যক্রম বাতিল করতে বাধ্য হয়।

০৫. ইতোমধ্যে (০৭.০৮.২০১৭ - ২৬.১০.২০১৭) দীর্ঘ প্রায় ৩ মাস অতিবাহিত হতে চলেছে। আজো বিধি মহোদয়ের মাদরাসায় অধ্যক্ষ ও উপাধ্যক্ষ পদে নিয়োগ সম্পন্ন হয়নি।

০৬. মাদরাসাটি সিরাজগঞ্জ জেলার ঐতিহ্যবাহী একটি শিক্ষা প্রতিষ্ঠান। মাদরাসাটিকে গতিশীল ও এর ঐতিহ্য অক্ষুণ্ণ রাখার স্বার্থে এবং দাপ্তরিক প্রয়োজনে নিম্নে বর্ণিত তথ্যাদি প্রয়োজন।

(ক) মাদরাসার অধ্যক্ষ ও উপাধ্যক্ষ পদটি কত দিন যাবৎ শূন্য রয়েছে ?

(খ) অধ্যক্ষ ও উপাধ্যক্ষ পদটি শূন্য থাকার কারণ কি ?

(গ) অধ্যক্ষ পদে নিয়োগের নিমিত্ত কোন উদ্যোগ গ্রহণ করা হয়েছে কি-না ?

(ঘ) উদ্যোগ গ্রহণ করা হয়ে থাকলে এর ফলাফল কি ?

(ঙ) উদ্যোগ গ্রহণ না করা হয়ে থাকলে এর কারণ কি এবং এর জন্য কে বা কারা দায়ী ?

(চ) অধ্যক্ষ ও উপাধ্যক্ষ পদ শূন্য থাকার সময়কালে বর্তমান অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে দায়িত্বরত ছিলেন কি-না ?

(ছ) অধ্যক্ষ ও উপাধ্যক্ষ পদে নিয়োগ সম্পন্ন করার বিষয়ে বর্তমান অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) এর কিকি পরিকল্পনা বিবেচনায় আছে?

(জ) উপাধ্যক্ষ নিয়োগের কার্যক্রমটি কবে নাগাদ শেষ হবে ?

(ঝ) উপাধ্যক্ষ নিয়োগের এ দীর্ঘ সূত্রীতায় তাঁর (ভারপ্রাপ্ত অধ্যক্ষ) কোন দায়িত্বে অবহেলা আছে কি-না?

০৭ অধ্যক্ষ ও উপাধ্যক্ষ পদ দু'টি প্রশাসনিক পদ। পদ দু'টি শূন্য থাকার কারণে মাদরাসার একাডেমিক ও প্রশাসনিক উভয় দিক বিঘ্নিত ও ব্যহত হচ্ছে যার দায়ভার অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) এর উপর বিশেষ ভাবে বর্তায়। অধ্যক্ষ ও উপাধ্যক্ষ এর মতো পদ দু'টিতে নিয়োগকার্য সম্পন্ন করতে না পারা অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) এর অদক্ষতা, অযোগ্যতা মর্মে প্রতীয়মান হয়।

০৮. এমতাবস্থায় উপরে চাহিত মতে তথ্যসহ একটি প্রতিবেদন আগামি ০৮.১১.২০১৭ খ্রি: তারিখের মধ্যে এ অধিদপ্তরে প্রেরণ নিশ্চিতকরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো। চাহিত তথ্য প্রদানে ব্যর্থতা অসাদাচরণ হিসেবে বিবেচিত হবে এবং সেমতে আইনানুগ পদক্ষেপ গৃহীত হবে।

A. H. M.
26.10.17

মো: আফাজ উদ্দীন

সহকারী পরিচালক (সর: ও সিনি: মাদরাসা)

মাদরাসা শিক্ষা অধিদপ্তর

ফোন নং- ৯৩৪৫৮৮০

ই-মেইল-dgdmeb@gmail.com

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

কৈজুরী মহিউল ইসলাম ফায়িল মাদরাসা, জৈুরী বাজার, শাহজাদপুর, সিরাজগঞ্জ।

অনুলিপি

১. সচিব, কারিগরী ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
২. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, রাজশাহী অঞ্চল।
৩. জেলা শিক্ষা অফিসার, সিরাজগঞ্জ।
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শাহজাদপুর, সিরাজগঞ্জ।
৫. অফিস কপি।